"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

"দেশপ্রেমের শপথ নিন-দুর্নীতিকে বিদায় দিন"

## নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মো. ফিরোজ খান |
| তারিখ | : ০১-০৬-২০২১ |
| স্থান | : প্রধান কার্যালয়, কেজিডিসিএল, চট্টগ্রাম। |
| উপস্থিত সদস্য | : পরিশিষ্ট-ক |

১.০ মহাব্যবস্থাপক (প্রশাসন) ও নৈতিকতা কমিটির আহবায়ক জনাব মো. ফিরোজ খান এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সভায় অংশগ্রহণকারী সকলকে অদ্যকার সভার সভাপতি কর্তৃক স্বাগত জানানো হয়। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২০-২০২১ অর্থ বছরের লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়ন অগ্রগতি ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য গৃহীত কর্মপরিকল্পনা (পরিশিষ্ট-খ) বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে সভাপতি কর্তৃক উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন যে, চলমান অর্থ বছরের ৪র্থ কোয়ার্টারে (এপ্রিল-জুন ২০২১) এতদসংশ্লিষ্ট কার্যক্রম/কর্মসূচি আবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে। এ লক্ষ্যে অবহিত করা হয় যে, কর্মপরিকল্পনা নির্ধারিত কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়নের জন্য যে সকল কর্মকর্তা/পদের বিপরীতে দায়িত্ব বন্টন করা হয়েছে ঐ সকল কর্মকর্তা/পদ আগামী ৩০-০৬-২০২১ তারিখ এর মধ্যে চলমান অর্থ বছরের জাতির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। এ পর্যায়ে আলোচনাকালে কর্মপরিকল্পনার কয়েকটি গুরুত্বপূর্ণ কার্যক্রম যথাক্রমে অংশীজনের অংশগ্রহণের সভা, প্রশিক্ষণ, অভিযোগ নিষ্পত্তিকরণ, সেবা গ্রহীতাদের মতামত সংরক্ষণ, পরিদর্শন, নথি বিনষ্টিকরণ, গণশুনানি আয়োজন, মোবাইল কোর্ট পরিচালনা ইত্যাদি বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। সভায় আরো আলোচনা হয় যে, আগামী অর্থ বছর ২০২১-২০২২ এর জন্য ইতোমধ্যে প্রণীত কর্মপরিকল্পনা (পরিশিষ্ট-গ) অনুরূপভাবে যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও কোম্পানিতে বিদ্যমান ফোকাল পয়েন্টসমূহ হালনাগাদকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এমতাবস্থায়, নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০ সিদ্ধান্ত :

২.১ কেজিডিসিএল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ লক্ষ্যমাত্রায় সময়াবদ্ধ তারিখের মধ্যে বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/পদ সকল কার্যক্রম/কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের করবে।

- ২০২০-২০২১ অর্থবছরে ৪র্থ কোয়ার্টারের সকল কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি নিম্নোক্ত গুরুত্বপূর্ণ কার্যক্রম/কর্মসূচির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় যে :

ক) অভিযোগ প্রতিকার সংক্রান্তে সভা, অংশীজনের অংশগ্রহণের সভা ও গণশুনানির বিষয়গুলো চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে উক্ত তিনটি কার্যক্রম/কর্মসূচি একত্রে/একই সময়ে বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস) ও কোম্পানি সচিব যথাযথ কর্তৃপক্ষের সাথে আলাপ করে বাস্তবায়নের সুবিধাজনকভাবে সম্ভাব্য তারিখ নির্ধারণ করবে।

খ) চাকরী সংক্রান্ত প্রশিক্ষণ ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা নির্ধারিতভাবে বাস্তবায়ন করা হবে। এক্ষেত্রে প্রশাসন ও সংস্থাপন ডিপার্টমেন্ট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

গ) সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বিপণন ডিভিশন উত্তর ও দক্ষিণ এবং ফিন্যান্স ডিভিশনের আওতাধীন সকল জোন, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশনের আওতাধীন সকল শাখা স্ব-স্ব জোন/শাখায় আবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে। অন্যান্য ডিভিশন প্রযোজ্যতা অনুযায়ী বাস্তবায়ন করবে।

ঘ) সকল ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধান স্ব-স্ব ডিভিশন/ডিপার্টমেন্টের আওতাধীন শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন করবে। পরিদর্শন প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন করবে। প্রমাণক হিসেবে পরিদর্শন প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়ন সংশ্লিষ্ট তথ্যাদি নৈতিকতা কমিটি বরাবর প্রেরণ করবে।

ঙ) বিনষ্টযোগ্য নথি লক্ষ্যমাত্রা অনুযায়ী বিনষ্ট করা হবে।
বাস্তবায়নে : এতদসংক্রান্ত কমিটি (পরিশিষ্ট-ঘ)।

চ) ৩০-০৬-২০২১ তারিখের মধ্যে দু' টি মোবাইল কোর্ট পরিচালনা করা হবে।
বাস্তবায়নে : বিপণন ডিভিশন উত্তর ও দক্ষিণ।

ছ) চলমান অর্থ বছর ২০২০-২০২১ এর ৪র্থ কোয়ার্টারের সকল কার্যক্রম/কর্মসূচি লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে।
বাস্তবায়নে : সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/প্রকল্প/ফোকাল পয়েন্ট/শাখা প্রধান।

২.২ কেজিডিসিএল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম/কর্মসূচিসমূহ আগামী ০১-০৭-২০২১ হতে কোয়ার্টারভিত্তিক ৩০-০৬-২০২২ এর মধ্যে লক্ষ্যমাত্রা নির্ধারিতভাবে সম্পন্ন করা হবে।

২.৩ কোম্পানিতে বিদ্যমান সকল ফোকাল পয়েন্ট/টিম/কমিটি/নির্ধারিত কার্যক্রম/কর্মসূচির বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/পদ প্রযোজনতা অনুযায়ী হালনাগাদ করা হবে।
বাস্তবায়নে : প্রশাসন ডিপার্টমেন্ট।

উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নার্থে যথাযথ কর্তৃপক্ষের সদয় অনুমোদনের জন্য নৈতিকতা কমিটি সুপারিশ করছে। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০৬/২০২১

(মো. ফিরোজ খান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
আহবায়ক, নৈতিকতা কমিটি

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

মুজিব শতবর্ষ

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

পরিশিষ্ট 'ক/১'

০১-০৬-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত

## নৈতিকতা কমিটির সভার হাজিরা বিবরণী

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ ফিরোজ খান | উপ-মহাব্যবস্থাপক (প্রকৌশল) | 01/06/2021 |
| ২. | মো: মাহ্‌বুবুর হোসেন | GM (ES) | 1/6/2021 |
| ৩. | গৌতম চন্দ্র কুন্ডু | GM (P&D) | 01.6.21 |
| ৪. | কবির আহমদ খান | GM (Mkt-N) | 1/6/21 |
| ৫. | প্রকৌ: রইস উদ্দিন আহমেদ | GM (OP.) | 01/6/21 |
| ৬. | আঃ মতিউর রহমান | GM (Finance) | 01/06/2021 |
| ৭. | Md. Rafique Khan | DGM (Sales-S-1/2) | 01.6.21 |
| ৮. | মো: নজরুল ইসলাম | উপ-মহাব্যবস্থাপক (হিসাব) | ০১/৬/২১ |
| ৯. | মোহাম্মদ আবু তাহের | উপমহাব্যবস্থাপক (মানবসম্পদ) | 01/06/2021 |
| ১০. | মো: হাবিবুল বাশার | DGM (Estt.) | 01/6/21 |

"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

[illegible] ক/২

০১-০৬-২০২১ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় অনুষ্ঠিত

## নৈতিকতা কমিটির সভার হাজিরা বিবরণী

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১১. | মো. [illegible] করিম চৌধুরী | DGM (Admin) | [signature] 1/6/2021 |
| ১২. | মো. মোস্তাফিজুর রহমান | উপমহাব্য. (পার্চেজ) | [signature] 01/06/2021 |
| ১৩. | [illegible] চৌধুরী | উপ-মহাব্য (লেখক) | [signature] 01/06/2021 |
| ১৪. | প্রদ্যোত কুমার সাহা | GM (Accounts) | [signature] 1/6/2021 |
| ১৫. | [illegible] | কোম্পানী সচিব | [signature] 1/6/2021 |
| ১৬. | তুষার সাধু | DM | [signature] 1/6/2021 |
| ১৭. | চন্দন ময় নন্দী | M | [signature] 1/6/21 |
| ১৮. | মো. [illegible] | M (PR) | [signature] 1/6/21 |
| ১৯. | | | |
| ২০. | | | |